

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা মূল্য সংযোজন কর নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে—

(ক) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) এবং উহার সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

টেবিল-১

শিরোনাম সংখ্যা (Heading No.)	সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের বিবরণ (Description of Goods)
(১)	(২)	(৩)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস

(খ) রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নে বিধৃত টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরোনাম সংখ্যা এবং সেবার কোড এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

টেবিল-২

শিরোনাম সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
S০২৫	S০২৫.০০	ওয়াসা
S০৩৭	S০৩৭.০০	যোগানদার
S০৪০	S০৪০.০০	সিকিউরিটি সার্ভিস
S০৪৮	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার
S০৪৯	S০৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী
S০৯৯	S০৯৯.১০	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা
---	---	বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে সেবা সরবরাহের ক্ষেত্রে সেবা গ্রহণকারী
---	---	শ্রমিক কল্যাণ ও বিনোদন ব্যয়

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
---	---	ল্যাবরেটরি টেস্ট চার্জ

- (গ) রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে নিম্নে বিধৃত টেবিল-৩ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরোনামা সংখ্যা এবং সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবার উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

**টেবিল-৩**

শিরোনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম
(১)	(২)	(৩)
S00৫	S00৫.২০	বন্দর
S0১৫	S0১৫.১০	ফ্রেইট ফরোয়ার্ডার্স
	S0১৫.২০	ক্রিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা
S0২৭	S0২৭.০০	বীমা কোম্পানি
S0৩৫	S0৩৫.০০	শিপিং এজেন্ট

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)  
সিনিয়র সচিব